

নিষেধাজ্ঞা উপেক্ষা করে চট্টগ্রাম ভার্সিটিতে একুশে উদযাপন

(নিজের বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২২শে ফেব্রুয়ারি।—কর্তৃপক্ষের নিষেধাজ্ঞা উপেক্ষা করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সর্বদলীয় ছাত্রঐক্য পূর্বকর্মসূচী অনুযায়ী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'মহান একুশে' পালন করেছে। এদিকে আজ সোমবার সকালে সম্মিলিত সাংস্কৃতিক জোট বিশ্ববিদ্যালয় রেল স্টেশন চত্বরে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান করে। একুশের প্রথম প্রহর থেকে আজ বিকেল অর্ধি ভাষা আন্দোলনের চেতনা-ভাষার এসব কর্মসূচীতে হাজার হাজার ছাত্রছাত্রী স্বতঃস্ফূর্তভাবে অংশ নেয়। ছাত্র-

ঐক্যভুক্ত বিভিন্ন সংগঠন কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) ও হল সংসদ এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আলাদাভাবে একুশে পালন করে। ছাত্রছাত্রী ছাড়া বাকি সবগুলো ছাত্র সংগঠন একুশে আয়োজিত 'কর্মসূচী' বয়কট করে। তবে পালিত একুশে উপলক্ষে তেমন কোন কর্মসূচী পালন করেনি।

জাতীয়তাবাদী ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখা আলাদাভাবে একুশে পালন করে। সংগঠন সভাপতি রফিকুল ইসলাম হিলার সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক গোলাম মহিউদ্দীন ফারুক স্বপন, সালাউদ্দীন মান্না, মহিউদ্দীন আহমেদ জিমি, মিজানুর রহমান মিজান প্রমুখ। জিয়া যুব পরিষদ ও জিয়া শিশু-কিশোর সংগঠনও আলাদা কর্মসূচী পালন করেছে। এদিকে আজ ছাত্রদল ক্যাম্পাসে র্যালী বের করে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষে একুশের প্রথম প্রহরে শহীদ মিনারে পুষ্প-স্তবক দেন উপাচার্য অধ্যাপক রফিকুল ইসলাম জৌধুরী। সকালে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।